



# পিসির ঝুটঝামেলা

## ট্রাবলশুটার টিম



**সমস্যা :** আমি কমপিউটার জগৎ-এর একজন নিয়মিত পাঠক। কমপিউটারে উইন্ডোজ ১০ ইনস্টল করার পর থেকে কিছু সমস্যায় পড়েছি। যখন ইন্টারনেট কানেকশন অন করি, তখন পিসি স্বয়ংক্রিয়ভাবে ইন্টারনেট থেকে ডাউনলোড শুরু করে দেয়। অনেক বড় সাইজের উইন্ডোজ আপডেট ডাউনলোড হয়। আমি কীভাবে উইন্ডোজ ১০-এ উইন্ডোজ আপডেট হওয়া বন্ধ করতে পারি-এ ব্যাপারে পরামর্শ দেবেন।

—নীতিশ মণ্ডল



**সমাধান :** উইন্ডোজ আপডেটেড রাখাটা ভালো। কারণ, উইন্ডোজ আপডেটের সাথে অনেক দরকারি সাপোর্টিং ফাইল, সিকিউরিটি ফাইল ও সিস্টেম ফাইল ডাউনলোড হয়- যা পিসির সুরক্ষা ও সিস্টেম আপডেটের জন্য দরকারি। যদি আপনার পিসির উইন্ডোজ অ্যাক্টিভেটেড হয়ে থাকে, তবে উইন্ডোজ আপডেট করতে কোনো সমস্যা নেই। আপডেট হলে সেটা সিস্টেমের জন্য ভালো। কিন্তু আপনার উইন্ডোজ যদি পাইরেটেড হয়ে থাকে, তবে উইন্ডোজ আপডেট অন করা থাকলে উইন্ডোজ ডি-অ্যাক্টিভেটেড হয়ে যেতে পারে। আরেকটি ব্যাপার, যদি আপনার ইন্টারনেট ব্যবহারে ডাটা ব্যান্ডউইডথ সীমিত থাকে, তবে উইন্ডোজ আপডেট ডিজ্যাবল করে রাখাটাই ভালো।

উইন্ডোজের আগের ভার্সনগুলোতে উইন্ডোজ আপডেট বন্ধ করার ব্যাপারটি ছিল সহজ। কিন্তু উইন্ডোজ ১০-এ এই ব্যাপারটি অতটা সহজ করে দেয়া হয়নি। উইন্ডোজ ১০-এ উইন্ডোজ আপডেট অপশন বন্ধ করার জন্য প্রথমে স্টার্ট

মেনুতে ক্লিক করে সেখানে Control Panel লিখলে লিস্টে Control Panel দেখতে পাবেন। এতে ক্লিক করুন। কন্ট্রোল প্যানেলে System and Security সিলেক্ট করুন (যদি এ সিস্টেম অ্যান্ড সিকিউরিটি না খুঁজে পান, ডান পাশে সার্চ বক্সের নিচে View by Category আছে কি না তা দেখে নিন)। এরপর Administrative Tools থেকে Services-এ ক্লিক করুন। সার্ভিস লিস্ট থেকে জ্বল করে নিচের দিকে Windows Update-এ ডাবল ক্লিক করলে নতুন যে পপআপ উইন্ডো আসবে, সেখান থেকে Startup type ড্রপডাউন মেনু থেকে Disabled সিলেক্ট করে নিচের Stop বাটন চাপুন। তারপর OK চেপে উইন্ডোটি বন্ধ করে দিন। যদি আবার উইন্ডোজ আপডেট চালু করতে হয়, তাহলে একইভাবে এখানে এসে ড্রপডাউন মেনু থেকে অটোমেটিক বা ম্যানুয়াল সিলেক্ট করে Start বাটন চাপলেই হবে।



**সমস্যা :** হঠাৎ করে দেখলাম আমার পিসি সিপিইউতে আর্থিং হচ্ছে, যার কারণে চালু হচ্ছে না। আর্থিং সমস্যার সমাধান করলেও পিসি চালু হচ্ছে না।

—রতন



**সমাধান :** পিসি যদি একেবারেই চালু না হয়, তবে আপনার পিসির পাওয়ার সাপ্লাইয়ে সমস্যা হতে পারে। আলাদা পাওয়ার সাপ্লাই ইউনিট থাকলে তা দিয়ে চালু হয় কি না চেষ্টা করে দেখুন। যদি তা চেক করে দেখতে না পারেন, তবে তা ভালো কোনো সার্ভিস সেন্টারে নিয়ে গিয়ে দেখান। সাথে অন্য কোনো পার্টস নষ্ট হয়েছে কি না তাও চেক কিয়ে নিন।



**সমস্যা :** আমার উইন্ডোজ ৭ অপারেটিং সিস্টেমে ক্যাসপারস্কি সিকিউরিটি ইনস্টল করতে পারছি না। ডিজিটাল সাইন এরর (trial ver:) দেখায়।

—রুবাইয়াৎ ইসলাম



**সমাধান :** আপনি যে ভার্সন ব্যবহার করতে চাচ্ছেন তা এক্সপায়ার হয়ে গেছে। অথবা আপনি এই একই সফটওয়্যার আগেও ইনস্টল করেছিলেন, কিন্তু আনইনস্টল করার সময় ক্যাসপারস্কি কিছু ফাইল সিস্টেমে রেখে দিয়েছে। এখন নতুন করে ইনস্টল করার সময় সে ডিটেক্ট করতে পারছে যে লাইসেন্স এক্সপায়ার হয়ে গেছে। উইন্ডোজ অ্যাড/রিমুভ প্রোগ্রাম বা আনইনস্টলার দিয়ে কোনো সফটওয়্যার সিস্টেম থেকে পুরোপুরি মুছে দেয়া যায় না। সিস্টেমে তা কিছু ফাইল রেখে দেয়। তাই এ কাজ করার জন্য আরও কার্যকর সফটওয়্যার ব্যবহার করতে হয়। থার্ড পার্টি সফটওয়্যার হিসেবে আইওবিট আনইনস্টলার, টোটাল আনইনস্টলার বা রেভো আনইনস্টলার ব্যবহার করতে পারেন। ক্যাসপারস্কির অন্য কোনো ভার্সন দিয়ে চেষ্টা করে দেখতে পারেন। ফ্রি অ্যান্টিভাইরাসের মধ্যে ৩৬০ টোটাল সিকিউরিটি মোটামুটি ভালো সুরক্ষা দিতে পারে যদি ঠিকমতো আপডেট করা থাকে এবং বিল্টইন অ্যান্টিভাইরাস ইঞ্জিন (বিটডিফেন্ডার ও অ্যাভাইরা) ডাউনলোড করা থাকে। লাইসেন্স করা ইন্টারনেট সিকিউরিটিগুলো সর্বোচ্চ সুরক্ষা দিতে পারে। তাই সেগুলো ব্যবহার করাই বেশি ভালো কক

ফিডব্যাক : [jhutjhamela24@gmail.com](mailto:jhutjhamela24@gmail.com)